# ই - সংবাদ



## রাজ্যে অনলাইন পোর্টাল ওয়েবসাইটের সূচনা

**আগরতলা, ১০ আগষ্ট ।।** ভারতের নির্বাচন কমিশনের নির্দেশ অনুযায়ী ভোটার তালিকা সংশোধনী কর্মসূচির অধীনে আজ অনলাইন ওয়েবসাইট পোর্টাল চালু হয়েছে। এই অনলাইন পোর্টাল সম্ভাব্য ভোটারদের ন্যাশনাল ভোটার সার্ভিস পোর্টালের মাধ্যমে ভোটার তালিকায় নাম তুলতে সাহায্য করবে। এনভিএসপি-তে প্রাপ্ত ফর্মগুলি ইআরও নেটের মাধ্যমে উপযুক্ত কর্তৃপক্ষের দ্বারা ইলেকট্রোনিক পদ্ধতিতে ডিসপোজ করবেন।

এই পদ্ধতির বৈশিষ্ট্যগুলি হলো - তাতে বুথ লেভেল অফিসারগণ (বিএলও), ইলেকটোরাল রেজিস্ট্রেশন অফিসারগণ (ইআরও) এবং ডিস্ট্রিক্ট ইলেকশন অফিসারগণের বিষয়ে তথ্য পাওয়া যাবে। এতে ভোটার তালিকায় নাম ও অন্যান্য তথ্য সহজে খোঁজার সুবিধা রয়েছে। আবেদনকারীর আবেদনপত্রটি কোন পর্যায়ে আছে তা জানতে সাহায্য করবে। আবেদনকারীর মোবাইলে এসএমএস পরিকাঠামোর ব্যবস্থাও থাকছে। এতে দেশের এক অঞ্চল থেকে অন্য অঞ্চলে ভোটারের নাম দ্রুত অন্তর্ভুক্ত করার ব্যবস্থাও রয়েছে। নির্বাচন দপ্তরের পক্ষ থেকে এক প্রেস রিলিজে এই তথ্য জানানো হয়েছে।

## সিপার্ডে ৭০০ আসন বিশিষ্ট অডিটোরিয়াম

**আগরতলা, ১০ আগষ্ট ।।** অরুন্ধতীনগরস্থিত সিপার্ড সংলগ্ন স্থানে ৭০০ আসন বিশিষ্ট একটি অডিটোরিয়াম নির্মাণের কাজ চলছে। পঞ্চায়েত দপ্তরের উদ্যোগে এটি নির্মাণে ব্যয় হবে ১০ কোটি টাকা। এছাড়া, এখানে একটি হোস্টেল নির্মাণেরও কাজ চলছে। এতে ব্যয় হবে ৪ কোটি ৫০ লক্ষ টাকা। সংশ্লিষ্ট দপ্তরের যুগ্ম অধিকর্তা রাজীব দত্ত এ তথ্য জানিয়েছেন।

## তৈদুবাড়িতে সাংস্কৃতিক কর্মশালা সমাপ্ত

**অমরপুর, ১০ আগষ্ট ।।** তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে তৈদুবাড়ি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে আয়োজিত ১০ দিন ব্যাপী সাংস্কৃতিক কর্মশালা সম্প্রতি শেষ হয়েছে। কর্মশালায় ১০০ জন ছাত্র-ছাত্রীকে বিভিন্ন সঙ্গীত ও নৃত্যের প্রশিক্ষণ দেওয়া হয়। সমাপ্তি অনুষ্ঠানে প্রশিক্ষণপ্রাপ্ত ছাত্র-ছাত্রীরা হজাগিরি, উপজাতি নৃত্য, দেশাত্মবোধক, লোক সঙ্গীত ও নৃত্য পরিবেশন করে। এ অনুষ্ঠানে সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক অতুল বিকাশ চাকমা, সহকারী প্রধান শিক্ষক নন্দকুমার জমাতিয়া, বিশিষ্ট শিল্পী বিশ্বজিৎ দেব, সুমিত্রা দেব প্রমুখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে প্রশিক্ষণার্থীদের হাতে শংসাপত্র তুলে দেওয়া হয়।

## মাতাবাড়ী ব্লক ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত

**উদয়পুর, ১০ আগষ্ট ।।** তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং মাতাবাড়ী ব্লকের যৌথ উদ্যোগে গত ৮ আগষ্ট ব্লক ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব ধন্যমানিক্য মুক্ত মঞ্চে অনুষ্ঠিত হয়। মাতাবাড়ী পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রেখারাণী মজুমদার এই উৎসবের উদ্বোধন করে লোক সংস্কৃতি উৎসবের তাৎপর্য ব্যাখ্যা করেন। তিনি লোক সংস্কৃতির প্রচার ও প্রসারে সকল অংশের মানুষকে সামিল হতে আহ্বান জানান। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মাতাবাড়ী পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান মহঃ নূর হোসেন, পঞ্চায়েত সমিতির কৃষি বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি মহীদুল ইসলাম, ব্লকের বি ডি ও সৌরভ দাস প্রমুখ। অনুষ্ঠানে ব্লক এলাকার শিল্পীরা লোক সঙ্গীত ও নৃত্য পরিবেশন করেন। এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পঞ্চায়েত সমিতির শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি মহঃ ইমানউদ্দীন।

## মানিকপুরে ১৩৪১ জনকে স্বাস্থ্য পরিষেবা প্রদান

**আমবাসা, ১০ আগষ্ট ।।** দূরবর্তী অঞ্চলের জনসাধারণের কাছে স্বাস্থ্য পরিষেবার সুযোগ পৌঁছে দেওয়ার লক্ষ্যে মানিকপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগে গত জুলাই মাসে বিভিন্ন গ্রামে ৩২টি স্বাস্থ্য শিবির এবং স্বাস্থ্য বিষয়ক সচেতনতামূলক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। শিবিরে ১৩৪১ জনের স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়েছে। এরমধ্যে ৫২৬ জনের রক্ত পরীক্ষা করা হয়। এছাড়া, শিবিরে স্বাস্থ্য বিষয়ক সচেতনতামূলক আলোচনা করেন সংশ্লিষ্ট স্বাস্থ্য কেন্দ্রের চিকিৎসক এবং স্বাস্থ্য কর্মীগণ।

## গঙ্গানগরে ফল ও বাঁশ চাষে পরিকল্পনা

**আমবাসা, ১০ আগষ্ট ।।** গঙ্গানগর ব্লকের উদ্যোগে চলতি অর্থ বছরে চাকমা পাড়া, সিদ্ধাপাড়া ও কর্মপাড়া এ ডি সি ভিলেজের ৩০ জন সুবিধাভোগীকে এক হেঃ করে আনারস, কাঁঠাল, কলা এবং বাঁশ বাগান করে দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে। এম জি এন রেগায় এতে মোট ব্যয় হবে ১৮ লক্ষ ৯২ হাজার ৬৭০ টাকা। সংশ্লিষ্ট ব্লক কার্যালয় থেকে এ তথ্য জানানো হয়েছে।

## বিশ্বকবির প্রয়াণ দিবস উদযাপিত

**আগরতলা, ০৯ আগষ্ট ।।** বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের প্রয়াণ দিবস উপলক্ষ্যে তথ্য ও সংস্কৃতি দপ্তর আজ সন্ধ্যায় রবীন্দ্র শতবার্ষিকী ভবনের ২নং প্রেক্ষাগৃহে এক শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানের আয়োজন করে । অনুষ্ঠানের সূচনা করেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের মন্ত্রী ভানুলাল সাহা । অনুষ্ঠানের শুরুতে রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গণে কবিগুরুর প্রতিমূর্তির পাদদেশে পুষ্পার্ঘ অর্পণ করে কবিকে শ্রদ্ধা জানান তথ্য ও সংস্কৃতি মন্ত্রী ভানুলাল সাহা, এই প্রতিমূর্তির নির্মাতা ভাস্কর ধ্রুব দাশ, দপ্তরের অধিকর্তা এম কে নাথ, দপ্তরের আধিকারিগণ ও রবীন্দ্র প্রেমী মানুষজন ।

বিশ্বকবির প্রয়াণ দিবসে শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে তথ্য ও সংস্কৃতি মন্ত্রী ভানুলাল সাহা বলেন, রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর জীবদ্দশায় যে সৃষ্টিধর্মী সম্ভার আমাদের মধ্যে রেখে গেছেন তা চর্চা করে আমরা ঋদ্ধ হচ্ছি । তিনি বলেন, সংস্কৃতি জগতের এই উজ্জ্বল জ্যোতিষ্ক আমাদের মধ্যে চিরদিন বেঁচে থাকবেন । রবীন্দ্রনাথ রচিত গান, কবিতা, প্রবন্ধ, উপন্যাস, নাটক বিশ্বের দরবারে শ্রদ্ধার আসন করে নিয়েছে । তথ্য ও সংস্কৃতি মন্ত্রী ভানুলাল সাহা বলেন, রবীন্দ্রনাথ ঠাকুর বৈচিত্রের মধ্যে ঐকের কথা বলে গেছেন । কিন্তু আজ আমাদের দেশে কোন কোন মহল থেকে এর উপর আঘাত হানা হচ্ছে । এটা সহিষ্ণুতারই বহিঃপ্রকাশ। তিনি বলেন, এ ধরনের অসহিষ্ণুতা বিশ্বের বিভিন্ন রাষ্ট্রে কখনো কখনো দেখা গেছে । কিন্তু এসব অশুভ প্রবণতা দীর্ঘস্থায়ী না হলেও অনেক ক্ষতি সাধন করেছে । তিনি সমাজে সুস্থ সাংস্কৃতিক বোধ বজায় রাখতে বেশি বেশি করে রবীন্দ্র-নজরুল-সুকান্ত চর্চা করতে সকলের প্রতি আহ্বান জানান । অনুষ্ঠানে ভাস্কর ধ্রুব দাশ বলেন, ত্রিপুরার সাথে তার যোগাযোগ ৮০-র দশক থেকে । এখানে তিনি রবীন্দ্রনাথ, নেহেরু, শচীন দেববর্মণ, নেতাজী, দশরথ দেবের মূর্তি তৈরী করেছেন । ত্রিপুরায় তাঁর তৈরী প্রথম মূর্তি রবীন্দ্র কাননের রবীন্দ্রনাথ ঠাকুরের পুর্নাবয়ব মূর্তি । যা সেই সময়ে দেশের বৃহৎ রবীন্দ্রমূর্তি বলে তিনি উল্লেখ করেন । স্বাগত ভাষণে দপ্তরের অধিকর্তা এম কে নাথ বলেন, রবীন্দ্রনাথ আমাদের সমাজ জীবনের এক অবিচ্ছেদ্য অঙ্গ । তাঁর সৃষ্টি আমাদের সব সময় উদ্বুদ্ধ করে । প্রতি বছর কবির প্রয়াণ দিবস দপ্তর শ্রদ্ধার সাথে উদযাপন করে ।

অনুষ্ঠান মঞ্চে-নতুন কলেবরে গড়ে ওঠা রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গণে রবীন্দ্রনাথ ঠাকুরের প্রতিমূর্তির নির্মাতা ভাস্কর ধ্রুব দাশ, তাঁর সুযোগ্য শিষ্য ও ঘনিষ্ঠ পরিজন রথীন দেবদাশ ও সায়নদীপ দাশকে স্মারক উপহার দিয়ে সম্মান জানান তথ্য ও সংস্কৃতি মন্ত্রী ভানুলাল সাহা। অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে সাংস্কৃতিক অনুষ্ঠানে একক সঙ্গীত, সমবেত সঙ্গীত,সমবেত নৃত্য, একক নৃত্য, সমবেত আবৃত্তি ও একক আবৃত্তি পরিবেশন করেন বিভিন্ন সাংস্কৃতিক সংস্থা ও শিল্পীরা ।

## পশ্চিম জেলা ভিত্তিক বিদ্যালয়স্তরের ভলিবল প্রতিযোগিতা

**জিরানীয়া, ০৯ আগষ্ট ।।** পশ্চিম ত্রিপুরা জেলা ভিত্তিক অনুর্দ্ধ ১৭ বিদ্যালয়স্তরের (বালক-বালিকা) ভলিবল প্রতিযোগিতা আজ পুরাতন আগরতলার মেলার মাঠে অনুষ্ঠিত হয় । পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সবিতা দাস এই প্রতিযোগিতার উদ্বোধন করেন । অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান নীহার রঞ্জন শূর । সম্মানীত অতিথি ছিলেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উপ-অধিকর্তা মৃনাল কান্তি দাস । সভাপতিত্ব করেন পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি সঞ্জীব মিশ্র । জেলার ৩টি মহকুমা থেকে ৩টি বালিকা এবং ৩টি বালক দল প্রতিযোগিতায় অংশ গ্রহণ করে । প্রতিযোগিতায় বালিকা বিভাগে সদর মহকুমা এবং বালক বিভাগে জিরানীয়া মহকুমা চ্যাম্পিয়ান হয়েছে ।

## জাতীয় কৃমি নাশক দিবসের রাজ্য ভিত্তিক কর্মসূচীর সূচনা

**সাব্রুম, ০৯ আগষ্ট ।।** কৃমি মুক্ত দেশ ও রাজ্য গড়ার লক্ষ্যে আজ সুচনা হলো জাতীয় কৃমি নাশক দিবস । স্বাস্থ্য ও পরিবার কল্যান দপ্তরের উদ্যোগে আজ সকালে সাব্রুমের কলাছড়ার থালিক তৈসা কমিউনিটি হলে কারামন্ত্রী মণীন্দ্র রিয়াং ছোট ছোট শিশুদের কৃমি নাশক এলবেন্ডাজল ট্যাবলেট খাইয়ে জাতীয় কৃমি নাশক দিবসের রাজ্য ভিত্তিক কর্মসূচীর সূচনা করেন । এই অনুষ্ঠানে কারামন্ত্রী শ্রী রিয়াং বলেন, রোগমুক্ত শরীর না হলে শিশুদের সার্বিক বিকাশ হবেনা । কৃমি অনেক রোগ সৃষ্টি করে তাই কৃমি নাশক দিবস কর্মসূচীকে গুরুত্ব দিতে হবে । ১-১৯ বছরের প্রত্যেক ছেলে-মেয়েকে আগামীকাল কৃমি নাশক ট্যাবলেট খাওয়ানোর জন্য সকল অভিভাবকদের প্রতি আহ্বান জানান তিনি । বিধানসভার মুখ্য সচেতক বাসুদেব মজুমদার অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে রোগ নিরাময়ে জনসচেতনতা বাড়ানোর কথা বলেন । অনুষ্ঠানে সম্মানীত অতিথি হিসাবে বক্তব্য রাখেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি হিমাংশু রায় । বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন বিধায়ক প্রভাত চৌধুরী । এছাড়াও অনুষ্ঠানে বক্তব্য রাকেন দক্ষিণ জেলার অতিরিক্ত জেলা শাসক উত্তম মন্ডল, স্বাস্থ্য অধিকর্তা ডাঃ এন ডার্লং, দক্ষিণ জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ জগদীশ নমঃ। স্বাগত ভাষণ রাখেন জাতীয় কৃষি নাশক রাজ্য নোডাল অফিসার দেবাশীষ সাহা । উল্লেখ্য, আগামীকাল জাতীয় কৃমি নাশক দিবস। ঐদিন ১-১৯ বছর বয়সী ১১ লক্ষ ১৩ হাজার ছেলে-মেয়েকে কৃমি নাশক ঔষধ খাওয়ানো হবে । আজকের অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এম ডি সি অরুণ ত্রিপুরা ।

## ভেনিশিং আর্টের উপর ডকুমেন্টেশন প্রজেক্ট আহ্বান

**আগরতলা, ০৯ আগষ্ট ।।** উত্তর-পূর্বাঞ্চলীয় সংস্কৃতি কেন্দ্র(এন ই জেড সি সি) ভেনিশিং আর্টের উপর ডকুমেন্টেশন প্রজেক্ট জমা দেওয়ার জন্য আবেদনপত্র আহ্বান করেছেন । এই প্রজেক্ট আগামী ১৬ আগষ্ট,২০১৭-এর মধ্যে জমা দিতে বলা হয়েছে । এ সংক্রান্ত আবেদপত্র এন ই জেড সি সি-এর ওয়েবসাইট ঃ http://nezccindia.in/Advertisements.aspx থেকে সংগ্রহ করা যাবে । এন ই জেড সি সি-র ভারপ্রাপ্ত অধিকর্তা এ সংবাদ জানিয়েছেন ।

## কাকড়াবনে লোকসংস্কৃতি উৎসব অনুষ্ঠিত

**উদয়পুর, ৯ আগষ্ট ।।** তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে গত ৭ আগষ্ট কাকড়াবন কমিউনিটি হলে কাকড়াবন ব্লক ভিত্তিক লোকসংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হয় । এর উদ্বোধন করেন গোমতী জিলা পরিষদের সহকারী সভাধিপতি দীনবন্ধু দাস । উপস্থিত ছিলেন কাকড়াবন পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান স্বদেশচন্দ্র মজুমদার ও কাকড়াবন ব্লকের বি ডি ও সুমিতা চক্রবর্তী । উদ্বোধকের ভাষণে গোমতী জিলা পরিষদের সহকারী সভাধিপতি দীনবন্ধু দাস বলেন, অপসংস্কৃতির বিরুদ্ধে রুখে দাঁড়াতে লোকসংস্কৃতি হল একটি শক্তিশালী হাতিয়ার । ব্লক ভিত্তিক এই লোকসংস্কৃতি উৎসবে বিভিন্ন গ্রামের নির্বাচিত লোকসংস্কৃতির দল অংশ গ্রহণ করে । অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কাকড়াবন পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুনীতি রায় ।

## জাতীয় কৃমি নাশক দিবস ঃ খোয়াইতে অনুষ্ঠান

**খোয়াই, ৯ আগষ্ট ।।** খোয়াই জেলা স্বাস্থ্য আধিকারিকের কার্যালয়ের উদ্যোগে এক সংক্ষিপ্ত অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ জেলা ভিত্তিক জাতীয় কৃমি নাশক দিবস পালিত হয় । এ উপলক্ষে তেলিয়ামুড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের বি আর সি হলে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করেন খোয়াই জিলা পরিষদের সভাধিপতি সাইনী সরকার । উদ্বোধনী ভাষণে শ্রীমতি সরকার বলেন, ছাত্রছাত্রীদের ছোট বেলা থেকেই স্বাস্থ্য সম্পর্কে সচেতন হতে হবে । তিনি প্রতিটি মানুষকে স্বাস্থ্য বিধি মেনে চলার আহ্বান জানান । অনুষ্ঠানে বিধায়ক গৌরীদাস বলেন, রাজ্য সরকার শিক্ষা, স্বাস্থ্য ও সংস্কৃতির বিকাশে ব্যাপক উদ্যোগ নিয়েছে । স্বাগত ভাষণ রাখেন জেলা স্বাস্থ্য আধিকারিক কার্যালয়ের চিকিৎসক ডা: বি বি রক্ষিত। অনুষ্ঠানে অতিরিক্ত জেলা শাসক হীরেন্দ্র দেববর্মা, জেলা শিক্ষা আধিকারিক স্বপন কুমার দাস, জেলা স্বাস্থ্য আধিকারিক ডা: পি কে মজুমদার প্রমুখ উপস্থিত ছিলেন । সভাপতিত্ব করেন তেলিয়ামুড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুশীল দেববর্মা । উল্লেখ্য, আগামীকাল খোয়াই জেলায় ১ থেকে ১৯ বছরের ৯১ হাজার ৮৫৮ জনকে কৃমি নাশক অষুধ খাওয়ানো হবে।

## করবুকে লোকসংস্কৃতি উৎসব অনুষ্ঠিত

**করবুক, ৯ আগষ্ট ।।** তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং করবুক ব্লকের যৌথ উদ্যোগে গতকাল বাঁশিচন্দ্র পাড়া হাই স্কুলের সি আর সি হলে করবুক ব্লক ভিত্তিক লোকসংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হয় । এই উৎসবের উদ্বোধন করেন বিধায়ক প্রিয়মনি দেববর্মা । উদ্বোধনী ভাষণে তিনি সকলকে সুস্থ সংস্কৃতির বার্তা ছড়িয়ে দিয়ে রাজ্যের শান্তি-সম্প্রীতি ও ঐক্যের বন্ধনকে আরও সুদৃঢ় করার আহ্বান জানান । অনুষ্ঠানে বক্তব্য রাখেন করবুক ব্লকের বি ডি ও গিডিয়ন মলসম ও বিদ্যালয় পরিদর্শক বিষন্ন হরি জমাতিয়া । এতে ব্লক এলাকার ১০টি লোকসংস্কৃতি দল অংশ গ্রহণ করে । অনুষ্ঠানে সভাপতিত্ব করেন করবুক বি এ সি চেয়ারম্যান তরেন্দ্র রিয়াং ।

## আম্বেদকর জন্মজয়ন্তী ঃ ২৭শে রবীন্দ্রভবনে আলোচনা সভা

**আগরতলা, ৯ আগষ্ট ।।** আগামী ২৭ আগষ্ট সকাল ১১ টায় আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে তপশিলী জাতি কল্যাণ দপ্তরের উদ্যোগে ডঃ বি আর আম্বেদকরের ১২৭ তম জন্ম বার্ষিকী উদযাপনের অঙ্গ হিসেবে অনুষ্ঠিত হবে রাজ্য ভিত্তিক আলোচনা সভা । আলোচনার বিষয় হল ভারতের ধর্ম নিরপেক্ষতা ও ড. বি আর আম্বেদকর । ঐ দিন আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী মানিক সরকার । মুখ্য আলোচক হিসেবে উপস্থিত থাকবেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের প্রাক্তন চেয়ারম্যান অধ্যাপক সোমদেও থোরট। সভায় সভাপতিত্ব করবেন তপশিলী জাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী রতন ভৌমিক । এ উপলক্ষ্যে গতকাল বীরচন্দ্র স্টেট সেন্ট্রাল লাইব্রেরীর সভাগৃহে তপশিলী জাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী রতন ভৌমিকের সভাপতিত্বে আয়োজিত প্রস্তুতি সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয় । সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দিলীপ কুমার দাস, বিধায়ক ঝুমু সরকার, বিভিন্ন পঞ্চায়েত সমিতির চেয়ারম্যানগণ, তপশিলী জাতি কল্যাণ দপ্তরের সচিব এল এইচ ডার্লং, অধিকর্তা এল টি ডার্লং সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। রাজ্য ভিত্তিক আলোচনাসভাকে সাফল্যমন্ডিত করে তোলার জন্য মন্ত্রী রতন ভৌমিক সবার সহযোগিতা কামনা করেন।

## আমবাসায় মাছ চাষে সহায়তা

**আমবাসা, ৯ আগষ্ট ।।** আমবাসা পুর পরিষদ এলাকার ৫০ জন মাছ চাষীকে বিজ্ঞানসম্মত পদ্ধতিতে মাছ চাষের মাধ্যমে স্বাবলম্বী করে তোলার লক্ষ্যে বিভিন্ন জাতের ৪৮,২৬০টি মাছের পোনা দেওয়া হয়েছে । এতে মৎস্য দপ্তর থেকে ব্যয় হয়েছে ৬৯ হাজার ৫৭৬ টাকা । এছাড়া, দপ্তর থেকে পুর পরিষদ এলাকার ১০ জন মাছ চাষীকে ৩ হাজার চিংড়ির পোনা এবং ২ হাজার পাবদা মাছের পোনা দেওয়া হয় । মৎস্য দপ্তরের আমবাসা কার্যালয় থেকে এ তথ্য জানানো হয়েছে ।

## খামতিংবাড়িতে সাংস্কৃতিক কর্মশালা

**জিরানীয়া, ৯ আগষ্ট ।।** তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থার সহযোগিতায় মান্দাই ব্লকের খামতিংবাড়ী এ ডি সি ভিলেজের অমরজ্যোতি হাই স্কুলে গতকাল থেকে সাতদিন ব্যাপী সাংস্কৃতিক কর্মশালা শুরু হয়েছে । এই কর্মশালায় বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী ও এলাকার যুবক-যুবতী মিলিয়ে ৫০ জনকে মামিতা, গড়িয়া ও লেবাংবুমানি নৃত্য এবং ককবরক সঙ্গীতের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে । কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সর্দুকরকরি এ ডি সি ভিলেজের চেয়ারম্যান বিষ্ণু নারায়ণ রূপিনী । উপস্থিত ছিলেন এলাকার সমাজসেবী খোকন মুন্ডা, বিদ্যালয়ের প্রধান শিক্ষক অশোক দেবনাথ, বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা এবং জিরানীয়া তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের আই সি ও ।

## দুর্গাচৌমুহনী ব্লক ভিত্তিক বনমহোৎসব

**কমলপুর, ৯ আগষ্ট ।।** গতকাল সকালে মানিকভান্ডারের সৌমেন্দ্র সূত্রধর মুক্তমঞ্চে অনুষ্ঠিত হয় দুর্গাচৌমুহনী ব্লক ভিত্তিক বনমহোৎসব । এর উদ্বোধন করেন বিধায়ক অঞ্জন দাস । বনমহোৎসবের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ধলাই জিলা পরিষদের সভাধিপতি পরিমল চন্দ্র দাস, দুর্গাচৌমুহনী বি এ সি-র চেয়ারম্যান সঞ্জিত দেববর্মা, মহকুমা শাসক মানিক লাল বৈদ্য, বি ডি ও মহেন্দ্র কাম্বে চাকমা প্রমুখ । অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দুর্গাচৌমুহনী পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান মানবেন্দ্র দেব । বক্তব্য রাখতে গিয়ে প্রত্যেক বক্তাই জীবকুলের বেঁচে থাকার ক্ষেত্রে বনের গুরুত্ব নিয়ে বিশদ আলোচনা করেন । এই উপলক্ষে অনুষ্ঠানের অতিথিগণ মানিকভান্ডারের মৈত্রী ভবন প্রাঙ্গণে গাছের চারা রোপণ করেন ।

## পূর্ব-দক্ষিণ মহারাণী ভিলেজে বিভিন্ন উন্নয়নমূলক কাজ

**উদয়পুর, ০৯ আগষ্ট ।।** মাতাবাড়ি ব্লকের পূর্ব-দক্ষিণ মহারাণী এ ডি সি ভিলেজে এম জি এন রেগায় বিভিন্ন উন্নয়নমূলক কাজে স্থায়ী সম্পদ সৃষ্টি করা হয়েছে । এই কর্মসূচিতে ভিলেজে যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে ৪টি গ্রামীণ রাস্তা সংস্কারে ব্যয় হয়েছে ৭ লক্ষ ৭৩ হাজার ৮৫০ টাকা । এতে শ্রমদিবস সৃষ্টি হয়েছে ৪ হাজার ৪৯০টি । এছাড়া, জমিতে জলসেচের জন্য ৩টি কাঁচা নালা তৈরী করা হয়েছে । এতে ব্যয় হয়েছে ১ লক্ষ ৭৯ হাজার ৮৫৯ টাকা এবং শ্রমদিবস সৃষ্টি হয়েছে ১ হাজার ৭৭টি । কৃষি ভূমির উন্নয়ন করা হয়েছে ৬টি । এতে ব্যয় হয়েছে ৭ লক্ষ ২৭ হাজার ২৮৫ টাকা এবং শ্রমদিবস সৃষ্টি হয়েছে ৪ হাজার ৩৫৪টি । মৎস্য চাষের জন্য ১ জনকে পুকুর খনন করে দেওয়া হয়েছে । এতে ব্যয় হয়েছে ৩ লক্ষ ৬৭ হাজার ৫৬৪ টাকা এবং শ্রমদিবস সৃষ্টি হয়েছে ২ হাজার ১৩৭টি। এছাড়া, পঞ্চায়েত উন্নয়ন তহবিলে ২ লক্ষ ৯১ হাজার ৩১৪ টাকা ব্যয়ে বিভিন্ন উন্নয়নমূলক কাজ করা হয়েছে ।

## উদয়পুরে সুকান্ত জয়ন্তী পালনের প্রস্তুতি

**উদয়পুর, ০৯ আগষ্ট ।।** তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং উদয়পুর পুর পরিষদের যৌথ উদ্যোগে আগামী ১৪ আগষ্ট উদয়পুর মহকুমা ভিত্তিক সুকান্ত জন্ম জয়ন্তী পালন করা হবে । ঐদিন বিকাল ৪টায় রাজর্ষি হল প্রাঙ্গণে কবি প্রণাম ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হবে । সাংস্কৃতিক অনুষ্ঠানে মহকুমার বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীরা সঙ্গীত, নৃত্য ও আবৃত্তি পরিবেশন করবেন ।

## করবুকে সুকান্ত জয়ন্তীর প্রস্তুতি

**করবুক, ০৯ আগষ্ট ।।** তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং করবুক পাঞ্জিহাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের যৌথ উদ্যোগে বিভিন্ন কর্মসূচির মাধ্যমে আগামী ১৪ আগষ্ট সুকান্ত জন্ম জয়ন্তী পালন করা হবে । ঐদিন বিকাল ৫টায় স্থানীয় বি আর সি হলে এই অনুষ্ঠানটি আয়োজিত হবে । এ উপলক্ষ্যে সম্প্রতি করবুক বি এ সিঞ্চর চেয়ারম্যান তরেন্দ্র রিয়াং-এর সভাপতিত্বে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয় । এই অনুষ্ঠানকে সুন্দর ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সভা থেকে বিভিন্ন কমিটি গঠন করা হয় ।

## ১২ আগষ্ট আগরতলায় পাসপোর্ট মেলা

**আগরতলা, ৯ আগষ্ট ।।** আগরতলার লেনিন স্মরণীস্থিত জ্যাকসন গেট বিল্ডিং-র পাসপোর্ট সেবা লঘু কেন্দ্রে (পি এস এল কে এস ) ১২ আগষ্ট ২০১৭ পাসপোর্ট মেলা অনুষ্ঠিত হবে । আবেদনকারীদের সংশ্লিষ্ট বিভিন্ন নথীপত্রের পাশাপাশি অনলাইন এ্যাপ্লিকেশন রেফারেন্স নাম্বার ( এ আর এন ) শীট সঙ্গে আনার জন্য অনুরোধ করা হয়েছে । নথীপত্রের বিষয়ে **বিস্তারিত তথ্য** www.passport india.gov.in এই ওয়েবসাইট থেকেও জানা যাবে । মেলায় সাধারণ বিভাগের (ফ্রেশ/রিফ্রেশ) আবেদনপত্র গ্রহণ করা হবে । এ বিষয়ে এ্যাপয়েন্টমেন্ট উপরে উল্লিখিত ওয়েবসাইটে ১০ আগষ্ট বেলা ৩টা ৩০ মিনিটে প্রকাশ করা হবে । আবেদনকারীদের অনলাইনে পাসপোর্টের ফি দাখিল করতে হবে । অনলাইনে (www.passportindia.gov.in) যারা আবেদন করবেন শুধুমাত্র তাদের আবেদনপত্রই গ্রহণ করা হবে । কোন ওয়াক-ইন আবেদনপত্র গ্রহণ করা হবেনা । পি এস এল কে -তে কোন এ্যাপয়েন্টমেন্ট দেয়া হবেনা। কলকাতার রিজিওন্যাল পাসপোর্ট অফিস থেকে এক বিজ্ঞপ্তিতে এই সংবাদ জানানো হয়েছে ।

## চেলাগাং স্বাস্থ্য শিবিরের কর্মসূচি

**উদয়পুর, ৮ আগষ্ট ।।** চেলাগাং প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগে এই মাসে চেলাগাং এর বিভিন্ন স্থানে ৪টি স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে । কর্মসূচি অনুযায়ী আগামী ১১ আগষ্ট শিবির হবে দুর্গারাম পাড়ায়, ১৬ আগষ্ট ধানেশ্বর পাড়ায়, ২১ আগষ্ট গুলিরাম পাড়ায় এবং ২৮ আগষ্ট শিবির হবে মাজরায়। শিবিরগুলিতে স্বাস্থ্য পরিষেবার পাশাপাশি রোগীদের প্রয়োজনীয় অষুধ দেওয়া হবে । সংশ্লিষ্ট এলাকার জনগণকে শিবিরগুলিতে উপস্থিত থেকে চিকিৎসা পরিষেবার সুযোগ গ্রহণ করার জন্য স্বাস্থ্য দপ্তর থেকে অনুরোধ জানানো হয়েছে ।

## স্বাস্থ্য শিবিরে ৩৩৪ জন রোগীর চিকিৎসা

**উদয়পুর, ৮ আগষ্ট ।।** তীর্থমুখ প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগে সম্প্রতি তীর্থমুখ এলাকার ৩টি স্থানে স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। স্বাস্থ্য শিবিরগুলিতে ১০৪ জন রোগীর স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় অষুধ দেওয়া হয় । রক্তের নমুনা পরীক্ষা করা হয় ১৫ জনের । এদিকে, চন্দ্রপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগে গত জুলাই মাসে ৯টি স্থানে স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয় । শিবিরগুলিতে ১৪৫ জন রোগীর চিকিৎসা করে প্রয়োজনীয় অষুধ দেওয়া হয় । এছাড়া, তুলামুড়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগে সম্প্রতি ৪টি স্থানে স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয় । এই শিবিরগুলিতে ৮৫ জন রোগীকে চিকিৎসা পরিষেবার পাশাপাশি অষুধও দেওয়া হয় । স্বাস্থ্য দপ্তর থেকে এ সংবাদ জানানো হয় ।

## ১৯ আগষ্ট বনরাই পাড়ায় প্রশাসনিক শিবির

**সাব্রুম, ৮ আগষ্ট ।।** সাব্রুম মহকুমা প্রশাসনের উদ্যোগে আগামী ১৯ আগষ্ট রূপাইছড়ি ব্লকের বনরাই পাড়া জেবি: স্কুলে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে । শিবিরে মাগরুম এ ডি সি ভিলেজের জনসাধারণের মধ্যে পি আর টি সি. এস টি, ইনকাম ও ম্যারেজ রেজিস্ট্রেশন কার্ড দেওয়া হবে । স্বাস্থ্য দপ্তর থেকে শিবিরে রোগীদের স্বাস্থ্য পরীক্ষা করে অষুধ দেওয়া হবে । শিবিরে প্রাণী চিকিৎসা করা হবে প্রাণী সম্পদ বিকাশ দপ্তর থেকে। এলাকার স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে সেদিন শিবিরে এলাকাবাসীর সঙ্গে সরকারি আধিকারিকদের মতবিনিময় সভা করা হবে। সাব্রুমের মহকুমা শাসক বিপ্লব দাস সকাল ১০টা থেকে প্রশাসনিক শিবিরে উপস্থিত হয়ে এর সুযোগ গ্রহণ করার জন্য এলাকাবাসীর প্রতি অনুরোধ জানিয়েছেন।